



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.৯৬৭.১৭.- ২০১৭

তারিখঃ ০৮/০২/২০১৮ খ্রিঃ

অফিস আদেশ

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্পের আওতায় বরগুণা জেলার আমতলী উপজেলায় অনিয়মতান্ত্রিকভাবে ঋণ বিতরণের জন্য প্রায় ২৫.০০ লক্ষ টাকা মেয়াদোত্তীর্ণ খেলাপী হওয়ায় খেলাপীকৃত অর্থ আদায়ের জন্য বিতরনকারী এআরডিও জনাব দিপ্লাদিত্য সাহা ও মাঠ সংগঠক সাগর তরফদারকে বিগত জুন, ২০১৭ তারিখে লোন রিকভারি কর্মকর্তা/কর্মচারী হিসেবে তিন মাসের জন্য সংযুক্ত করা হয়। বিতরনকারী এআরডিও ও মাঠ সংগঠককে উক্ত উপজেলায় সংযুক্ত করা সত্ত্বেও বর্তমানে মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণের পরিমাণ প্রায় ২৭.০০ লক্ষ টাকা। তাই লোন রিকভারি কর্মকর্তা/কর্মচারী হিসেবে এআরডিও জনাব দিপ্লাদিত্য সাহা ও মাঠ সংগঠক সাগর তরফদার এর মেয়াদ বৃদ্ধি করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে খেলাপীর অর্থ আদায়ের বর্তমান অবস্থাসহ খেলাপী ঋণের পরিমাণ বৃদ্ধির প্রকৃত কারণ উৎঘাটন এবং উক্ত উপজেলায় অত্র প্রকল্পের যাবতীয় হিসাব ও চলমান কার্যক্রম সরেজমিনে তদন্ত করার জন্য নিম্নোক্ত কর্মকর্তাদ্বয়ের সমন্বয়ে একটি তদন্ত কমিটি গঠন করা হলোঃ

ক) জনাব আল আমিন, সহকারী পরিচালক (উন্নয়ন), ইরেসপো, বিআরডিবি, ঢাকা ও

খ) জনাব মোঃ আশরাফুল আকন্দ, সহকারী পরিচালক (প্রশিক্ষণ), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

কমিটির কার্যপরিধি :

- ১। লোন রিকভারি কর্মকর্তা/কর্মচারী হিসেবে এআরডিও জনাব দিপ্লাদিত্য সাহা ও মাঠ সংগঠক সাগর তরফদার এর অনিয়মতান্ত্রিক বিতরণকৃত খেলাপী ঋণ আদায়ের বর্তমান অবস্থা যাচাইসহ সুপারিশ প্রণয়ন;
- ২। মেয়াদোত্তীর্ণ খেলাপীর পরিমাণ বৃদ্ধির প্রকৃত কারণ উৎঘাটন;
- ৩। প্রকল্পের আর্থিক ও বাস্তব কার্যক্রমসমূহ যাচাই ও সুপারিশ প্রণয়ন।
- ২। বর্ণিত কমিটিকে আগামী ১৫ কার্যদিবসের মধ্যে সরেজমিনে পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।

মোহাম্মদ আতিকুর রহমান
উপ প্রকল্প পরিচালক, ইরেসপো
বিআরডিবি, ঢাকা।
ফোনঃ ৮১৮০১৪৩

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. জনাব আল আমিন, সহকারী পরিচালক (উন্নয়ন), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
২. জনাব মোঃ আশরাফুল আকন্দ, সহকারী পরিচালক (প্রশিক্ষণ ও বিপণন), ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক, ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
৪. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ বরগুণা।
৫. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ আমতলী জেলাঃ বরগুণা।
৬. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ আমতলী জেলাঃ বরগুণা।
৭. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৮. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
১০. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।